

## উপকূলীয় বন বিভাগ, ভোলার উল্লেখযোগ্য ঘটনা সমূহ

- ❖ ২৪ জানুয়ারী ২০১৮ খ্রি. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ চর কুকরী-মুকরী আগমন করেন এবং “চর কুকরী-মুকরী ইকোপার্ক স্থাপন” শীর্ষক প্রকল্প এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন। মহামান্য রাষ্ট্রপতি Coastal Forest Development Centre cum Rest House শীর্ষক কর্মসূচির আওতায় ভোলা জেলার চরফ্যাসন উপজেলাধীন চর কুকরী-মুকরীতে নির্মিত রেস্ট হাউজ প্রাঙ্গণে গাছের চারা রোপণ করেন এবং রাত্রিযাপন করেন।



- ❖ ০৮ জানুয়ারী ২০২২ খ্রি. বন অধিদপ্তর, বাংলাদেশ এর প্রধান বন সংরক্ষক জনাব মো: আমীর হোসাইন চৌধুরী মহোদয় প্রকৃতি ও জীবন ফাউন্ডেশনের প্রতিনিধিগণ সমেত চর কুকরী-মুকরী আগমন করেন এবং কুকরী-মুকরীর চরাঞ্চলে ম্যানগ্রোভ বাগান সৃজন কাজে অংশগ্রহণপূর্বক বনায়ন কার্যক্রম শুভ উদ্বোধন করেন এবং এলাকার দরিদ্র জনসাধারণের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।

